# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৬২৩৩

পর্ব-৩০: মান-মর্যাদা (كتاب المناقب)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ - সমষ্টিগতভাবে মর্যাদা ও বৈশিষ্ট্য

## اَلْفصْلُ الثَّالِثُ (بَاب جَامع المناقب)

আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «نِعْمَ الرَّجُلُ أَبُو بَكْرٍ نِعْمَ الرَّجُلُ عُمَرُ نِعْمَ الرَّجُلُ أَبُو عُبَيْدَةَ بْنُ الْجَرَّاحِ نِعْمَ الرَّجُلُ أُسَيْدُ بْنُ حُضَيْرٍ نِعْمَ الرَّجُلُ ثَابِتُ بْنُ قَيْسِ بْنِ شَمَّاسٍ نِعْمَ الرَّجُلُ مُعَاذُ بْنُ جَبَلٍ نِعْمَ الرَّجُلُ مُعَاذُ بْنُ عَمْرِو بْنِ الْجَمُوحِ» . رَوَاهُ التِّرْمِذِيُّ وَقَالَ: هَذَا حَدِيثٌ غَرِيبٌ

اسناده صحيح ، رواه الترمذی (3795) ـ
(صَحِيح)

বাংলা

৬২৩৩-[৩৮] আবূ হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ (সা.) বলেছেন: আবূ বকর একজন খুবই উত্তম লোক, ’উমার খুব উত্তম লোক, আবূ উবায়দাহ ইবনুল জাররাহ খুবই উত্তম লোক, উসায়দ ইবনু হুযায়র খুবই উত্তম লোক, সাবিত ইবনু কায়স ইবনু শাম্মাস খুবই উত্তম লোক, মু’আয ইবনু জাবাল খুবই উত্তম লোক এবং মু’আয ইবনু আমর ইবনুল জুমূহ খুবই উত্তম লোক। (তিরমিযী এবং তিনি বলেছেন, হাদীসটি গরীব)

ফুটনোট

সহীহ: তিরমিযী ৩৭৯৫, সহীহুল জামি ৬৭৭০, সহীহ আল আদাবুল মুফরাদ ২৭৫, সিলসিলাতুস সহীহাহ্ ৮৭৫, মুসান্নাফ ইবনু আবী শায়বাহ ৩১৯৪৪, মুসনাদে আহমাদ ৯৪২১, সহীহ ইবনু হিব্বান ৬৯৯৭, আস্ সুনানুল কুবরা লিন্ নাসায়ী ৮২৩০, হিলইয়াতুল আওলিয়া ৯/৪২, আল মুসতাদরাক লিল হাকিম ৫০৩১।

ব্যাখ্যা

ব্যাখ্যা: সম্ভবত এসব বড় বড় মুহাজির ও আনসারগণ (রাঃ) এক মাজলিসে সমবেত হলে তাঁদের প্রত্যেকের সাথে প্রশংসা ও সম্মানসূচক শব্দ ব্যবহার করা হয়েছে। অথবা কোন অনুষ্ঠানে এভাবে তাদের আলোচনা করা হয়েছে। আবূ উবায়দাহ্ ইবনু জাররাহ উত্তম ব্যক্তি ছিলেন। তিনি এমন ব্যক্তি যার হাত ধরে নবী (সা.) বলেন, এ হচ্ছে উম্মতের আমানাতদার। এ হাদীস আশারায়ে মুবাশশিরাদের ফাযীলাতের অধ্যায়ে আলোচিত হয়েছে। উসায়দ ইবনু হুযায়র (রাঃ) আওস বংশের একজন আনসারী ব্যক্তি ছিলেন।
তিনি এমন সবল সাহাবীদের গণ্য ছিলেন যারা ‘আকাবাহ, বদরসহ পরবর্তী সকল জিহাদে অংশগ্রহণ করেছিলেন। তাঁর কাছ থেকে সাহাবীদের একটি দল হাদীস বর্ণনা করেন। তিনি ৩০ হিজরী সনে মদীনায় মৃত্যুবরণ করেন এবং জান্নাতুল বাকীতে কবরস্থ হন। সাবিত ইবনু কায়স ও মু'আয ইবনু জাবাল-এর আলোচনা পূর্বে হয়েছে আর মু'আয ইবনু ‘আমর খাযরাজ গোত্রের আনসারী ব্যক্তি ছিলেন। তিনি ও ‘আকাবাহ ও বদর যুদ্ধে উপস্থিত ছিলেন। পরপারে পাড়ি জমান উসমান -এর যুগে। (মিশকাতুল মাসাবীহ- মুম্বাই ছাপা, ৫ম খণ্ড, পৃ. ২৭৫)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=86209

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন